



“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়  
ভর্তি পরীক্ষা : ২০১৮-২০১৯  
আইনশৃঙ্খলা সংক্রান্ত সতর্কীকরণ বিজ্ঞপ্তি

মোবাইল নং: ০১৭৪৪-৩৫৬৮৭৯

আগামী ১৬ নভেম্বর অনুষ্ঠিতব্য ২০১৮-১৯ শিক্ষাবর্ষের প্রথমবর্ষ স্নাতক (সম্মান) / বি.এসসি (সম্মান) / বি.এসসি (ইঞ্জিনিয়ারিং) / বি (ফার্ম) / বি (আর্ক) শ্রেণীতে ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণকারী পরীক্ষার্থী ও তাদের অভিভাবকসহ সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পরীক্ষা চলাকালীন পরীক্ষা কক্ষ ও পরীক্ষা কেন্দ্র সমূহের নিরাপত্তা প্রদান প্রসঙ্গে পরীক্ষা সুষ্ঠু ও শান্তিপূর্ণ ভাবে সম্পন্ন করতে নিম্নোক্ত বিষয়ে অবগত থাকার জন্য অনুরোধ করা হলো :

১। কোন পরীক্ষার্থী ব্যাগ, মানিব্যাগ, যে কোনো ধরনের ক্যালকুলেটর, যে কোনো ধরনের হাতঘড়ি ও মোবাইল সহ যে কোনো ধরনের ইলেকট্রনিক ডিভাইস নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবে না। কোনো পরীক্ষার্থীর নিকট উল্লিখিত ইলেকট্রনিক ডিভাইস পাওয়া গেলে তাকে পরীক্ষাকেন্দ্র থেকে বহিষ্কার পূর্বক-তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২। পরীক্ষা সংক্রান্ত যে কোনো ধরনের সংঘটিত অপরাধ-যেমন অসদুপায় অবলম্বন, প্রতারণা, জালিয়াত, দালালচক্র, ভুয়া বা ভাড়াটিয়া পরীক্ষার্থীর সাহায্য গ্রহণ; OMR শিট পরিবর্তন-অথবা অবৈধভাবে পরীক্ষা সহায়তা প্রদানকারী ও গ্রহণকারীসহ অন্য যেকোনো ধরনের অপরাধী কর্তৃক সংঘটিত অপরাধ কঠোর হস্তে দমনের নিমিত্তে সার্বক্ষণিক মোবাইল কোর্ট পরিচালিত হবে।

৩। পরীক্ষার নিরাপত্তার স্বার্থে পরীক্ষা কেন্দ্রে নারী-পুরুষ উভয় পরীক্ষার্থীদের কানসহ মুখমণ্ডল খোলা রাখতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পূর্বেই স্ব-স্ব কেন্দ্রে প্রবেশ করে আসন গ্রহণ করতে হবে। উল্লেখ্য, নির্দিষ্ট আসন ও কেন্দ্র ছাড়া অন্য কোনো আসনে বা অন্য কোনো কেন্দ্রে কেউ পরীক্ষা দিতে পারবে না। পরীক্ষা শুরুর বেল বাজানোর পর আর কেউ পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবে না।

৪। ভর্তিকৃত কোনো ছাত্র-ছাত্রীর বিরুদ্ধে ভবিষ্যতেও যদি জালিয়াতি করে ভর্তি হয়েছে মর্মে অভিযোগ পাওয়া যায়, তবে প্রমাণ সাপেক্ষে তার ভর্তি তাৎক্ষণিক ভাবে বাতিল করা হবে এবং তাকে অপরাধী হিসেবে চিহ্নিত করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।


৫। পরীক্ষা কক্ষের শৃঙ্খলাভঙ্গসহ উপযুক্ত জালিয়াতি বা প্রতারণা চক্র সহ যে কোনো অনিয়মের সন্ধান পেলে অতিসত্বর উল্লিখিত যে কোনো নম্বরে যোগাযোগ করার জন্য পরামর্শ প্রদান করা হচ্ছে।

প্রক্টর, পাবপ্রবি : ০১৭৪৪-৩৫৬৮৭৯

পুলিশ কন্ট্রোল রুম : ০১৭৯৪-৪৪৯১১৪

ওসি পাবনা সদর, পাবনা : ০১৭১৩-৩৭৪০১৬

উল্লিখিত বিষয়ে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রী এবং তাদের অভিভাবকদের সর্বদা সতর্ক থাকার জন্য অনুরোধ করা হলো।

  
14.11.2018

ড. প্রীতম কুমার দাস

প্রক্টর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

পাবনা।